গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ভোকেশনাল (পরীক্ষা) শাখা
www.bteb.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার
সীমিত

নম্বর ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.০০৩.১৮.৮৫

তারিখ ১ পৌষ ১৪২৬
১৬ ডিসেম্বর ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: **দক্ষতামান দ্বিতীয় মান (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় মান (NSS-III) শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষা ২০১৯ এর ফরম পূরণ ও সময়সূচী ।**

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০১৯ সনের জাতীয় দক্ষতামান দ্বিতীয় মান (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় মান (NSS-III) শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) আগামী ১৮/১২/২০১৯ খ্রি. হইতে ২১/১২/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েবসাইটে দেওয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত ফি জমা দিয়া নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ (Form Fill-up) করিতে হইবে। ফরম পূরণের তারিখ ও সময়, পরীক্ষার সময়সূচি, পরীক্ষার ফি-সমূহের হার এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদ্ সঙ্গে দেওয়া হইল।

১। পরীক্ষার্থীদের শ্রেণিবিন্যাসঃ

১.১ ২০১৯ (জানুয়ারি হইতে ডিসেম্বর) শিক্ষাবর্ষে জাতীয় দক্ষতামান দ্বিতীয় মান (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় মান (NSS- III) শিক্ষাক্রমের অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.২ ২০১৮ সনের NSS-II ও NSS-III পরীক্ষার অনুত্তীর্ণ পরীক্ষার্থী এই পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.৩ ২০১৮ সনের পরীক্ষায় যে সকল অনিয়মিত পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাহারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগরক্ষাকারী ফি প্রদান পূর্বক পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে।

২। বিভিন্ন ফিস সংক্রান্ত বিবরণঃ

ক্রমিক নং	বিবরণ	প্রতি পরীক্ষার্থী	মন্তব্য
১.	পরীক্ষার ফি	৪০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	কেন্দ্র ফি	৪০০/-	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৩.	ব্যবহারিক বিষয়ক কেন্দ্র ফি	৫০/-	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৪.	নম্বরপত্র ফি	৬০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০/-	বোর্ডের প্রাপ্য ৭০/- ও প্রতিষ্ঠান ৫০/-
৬.	সনদপত্র ফি	১০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
৭.	সংযোগরক্ষাকারী ফি	৩০০/-	বোর্ডের প্রাপ্য ১০০% (প্রযোজ্য ক্ষেত্রে)

ফিস আদায় ও সমর্পন/ বিতরণঃ

- নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাস্তব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি) বাবদ (৪০০+৬০+৭০+১০০)=৬৩০.০০ (ছয়শত ত্রিশ) টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বর পত্র ফি) বাবদ (৪০০+৬০)=৪৬০.০০ (চারশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- বাস্তব প্রশিক্ষণের (১২০-৭০) = ৫০.০০ টাকা বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল্যায়ন কাজের

পারিশ্রমিক হিসাবে শিক্ষকদের মধ্যে ব্যয়যোগ্য এবং অবশিষ্ট ৭০.০০ (সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করিতে হইবে, যা পরীক্ষার ফি হিসাবে ৫০.০০ টাকা এবং বাস্তব প্রশিক্ষন বহির জন্য ২০.০০ টাকা ধার্য।

৩। ফরম পূরণ ও ব্যাংক ড্রাফটসহ ফাইনাল লিষ্টের প্রিন্ট আউট/হার্ডকপি বোর্ডে জমা প্রদান, প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বিতরণ নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করিতে হইবেঃ

অন লাইনে ফরম পূরণের তারিখ	ব্যাংক ড্রাফট (DD) ও ফাইনাল লিস্ট জমা দেওয়ার তারিখ	প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বিতরণের তারিখ
১	২	৩
২৩/১২/২০১৯ খ্রি. এবং ২৪/১২/২০১৯খ্রি. তারিখ	২৬/১২/২০১৯ খ্রি. তারিখ	২৭/১২/২০১৯ খ্রি. তারিখ

- বর্ণিত তারিখের পরে কোন ফরম পূরণের সুযোগ থাকিবে না।
- জাতীয় দক্ষতামান বহিরাগত পরীক্ষার্থীগণ শুধুমাত্র পূর্বযোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হইলেই ফরম পূরণ করিতে পারিবে।
- ওয়েব সাইটে প্রদত্ত যাবতীয় নির্দেশাবলি দেখিয়া অন-লাইনে ফরম পূরণ করিতে হইবে। অন-লাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৯৩৭-৯৯৯৯৪০ নম্বরে যোগাযোগ করিতে হইবে।

৪। বাস্তব প্রশিক্ষণ (IA):
ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে শিক্ষার্থীদের ৬ সপ্তাহব্যাপি বাস্তব প্রশিক্ষণে সংযুক্ত করিতে হইবে। এই বাস্তব প্রশিক্ষণ সমাপ্তির ৩ দিনের মধ্যেই বাস্তব প্রশিক্ষণের নম্বর স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে অন-লাইনে প্রেরণ করিতে হইবে। নম্বর প্রেরণের পর এর হার্ডকপিও বোর্ডে প্রেরণ করিতে হইবে। যথাসময়ে এ নম্বর প্রেরণ না করিলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ উল্লিখিত বিষয়ে অকৃতকার্য হিসেবে গণ্য হইবে।

৫। পরীক্ষার সময়সূচি:

তত্ত্বীয় পরীক্ষাঃ			
তারিখ ও বার	বিষয়	পরীক্ষা	সময়
২৯/১২/২০১৯ খ্রি. (রবিবার)	সকল ট্রেড	NSS-III	সকাল ১০ টা
৩০/১২/২০১৯ খ্রি.(সোমবার)	সকল ট্রেড	NSS-II	সকাল ১০ টা
ব্যবহারিক পরীক্ষাঃ			
তারিখ ও বার	বিষয়	পরীক্ষা	সময়
৩১/১২/২০১৯ খ্রি.(মঙ্গলবার)	সকল ট্রেড	NSS-III	সকাল ৯ টা
০১/০১/২০২০ খ্রি.(বুধবার)	সকল ট্রেড	NSS-II	সকাল ৯ টা

১. ব্যবহারিক পরীক্ষাঃ সকাল ৯ টা হইতে দুপুর ১২টা এবং বিকাল ২টা হইতে বিকাল ৫টা পর্যন্ত গ্রহণ করিতে হইবে এবং ০৩/০১/২০২০খ্রি. তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বর Online-এ বোর্ডে প্রেরণ করিতে হইবে।
২. বাস্তব প্রশিক্ষণঃ ০২/০১/২০২০ খ্রি. হইতে ১২/০২/২০২০ খ্রি. পর্যন্ত বাস্তব প্রশিক্ষণ চলিবে এবং ১৫/০২/২০২০ খ্রি. তারিখের মধ্যে বাস্তব প্রশিক্ষনের নম্বর ট্রেড ভিত্তিক অন-লাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করিতে হইবে।

বিশেষ নির্দেশাবলি:
ক. প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করিতে হইবে।
খ. পরীক্ষার্থীগণ তাহাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করিবে।
গ. পরীক্ষার্থীগণ তাহাদের নিজ নিজ উত্তরপত্রের লিথো কোডের অংশে তাহার পরীক্ষার রোল নম্বর/রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখিয়া বৃত্ত ভরাট করিবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাইবে না।
ঘ. পরীক্ষার্থীকে তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পৃথক পৃথক ভাবে পাস করিতে হইবে।
ঙ. তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই হাজিরা সীট ব্যবহার করিতে হইবে।



১৭-১২-২০১৯
ড. প্রকৌঃ সুশীল কুমার পাল
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) পরিচালক, পরিচালক (কারিকুলাম)-এর দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৫) উপপরীক্ষা নিয়ন্ত্রক, গোপনীয় শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৬) উপপরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৭) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮) অধ্যক্ষ/পরিচালক, ………………., ……….
৯) প্রেস ম্যানেজার, প্রেস শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
১০) সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), গোপনীয় শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
১১) ডকুমেন্টেশন অফিসার, ডকুমেন্টেশন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
১২) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড